# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬২৬

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّالِثُ

---

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مِنْ أَفْرَى الْفِرَى أَنْ يُرِيَ الرَّجُلُ عَيْنَيْهِ مَا لم تريا» . رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৪৬২৬-[২১] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সবচেয়ে নিকৃষ্টতম অপবাদ হলো, কারো নিজ চক্ষুদ্বয়কে এমন জিনিস দেখানো, যা তারা দেখেনি। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭০৪৩, আহমাদ ৫৭১১, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩০৬৩, সহীহ ইবনু হিব্বান ৩১, শু‘আবুল ঈমান ৪৭৭১, ‘ত্ববারানী’র আল মু‘জামুল কাবীর ১৭৬৩৭, আল জামি‘উস্ সগীর ৩৯৭৪, সহীহুল জামি‘ ২২১১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইমাম সুয়ূত্বী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ নিকৃষ্টতম অপবাদ হলো কারো নিকট এমন স্বপ্নের কথা বলা যা সে স্বপ্নে দেখেনি। কেননা স্বপ্ন হলো নুবুওয়াতের একাংশ। সুতরাং জাগ্রত অবস্থায় মিথ্যা বলা অপেক্ষা ঘুমন্ত সময়ের মিথ্যা জঘন্যতম অপরাধ। কেননা মানুষ ঘুমন্ত অবস্থার স্বপ্নের কথা বিশ্বাস করবে। তাতে যাচাই-বাছাই করার কোন উপায় নেই।

‘আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ ‘‘নিকৃষ্ট অপবাদ’’ হলো কোন লোক তার দু’ চোখ দ্বারা দেখেনি তা বর্ণনা করা। (মিরক্বাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১২শ খন্ড, হাঃ ৭০৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75350

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন